"দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়"।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জয়পুরহাট
e-mail: dcfjpt@gmail.com
web: www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৫

তারিখ ঃ ১৩/০৫/২০১৯ খ্রি.

# দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট এর আওতাধীন ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের জন্য জয়পুরহাট জেলার অভ্যন্তরে এক গুদাম/কেন্দ্র হতে অন্য গুদামে/কেন্দ্রের সড়ক পথে খাদ্যশস্য/ডানেজ/খালিবস্তা ও অন্যান্য দ্রব্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিবহনের নিমিত্ত অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তি ঠিকাদারের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়, ঢাকা |
| ২ | এজেন্সি | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট |
| ৩ | সংগ্রাহক সত্ত্বার নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ৪ | যে কাজের জন্য দরপত্র | ঃ | জয়পুরহাট জেলার অভ্যন্তরে খাদ্যশস্য, ডানেজ, খালিবস্তা এবং অন্যান্য দ্রব্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) সড়ক পথে লটের অধীন নির্ধারিত/অনির্ধারিত রুটে পরিবহন এবং সংশ্লিষ্ট সেবা কাজ |
| ৫ | দরপত্রের সূত্র নম্বর ও তারিখ | ঃ | ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৫, তাং- ১৩/০৫/২০১৯ খ্রিঃ |
| ৬ | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়) |
| ৭ | বাজেট ও তহবিল সূত্র | ঃ | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ৮ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ঃ | ০৯/০৬/২০১৯ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ৯ | দরপত্র গ্রহনের তারিখ ও সময় | ঃ | ১০/০৬/২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত |
| ১০ | দরপত্র গ্রহনের স্থান | ঃ | জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট, পুলিশ সুপারের কার্যালয়, জয়পুরহাট ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট-এ রক্ষিত দরপত্র বাক্স |
| ১১ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ক) ১১/০৬/২০১৯ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর অফিস কক্ষে উপস্থিত দরপ্রস্তাব দাতা/দরপ্রস্তাব দাতা প্রতিষ্ঠানের প্রতিনিধি এর উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপ্রস্তাব উন্মুক্তকরণ কমিটি কর্তৃক খোলা হবে<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবল মাত্র Responsive ঠিকাদারের আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive ঠিকাদারদের তালিকা আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে |
| ১২ | দরপত্র উন্মুক্তকারী দপ্তর | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ১৩ | প্রাক দরপত্র সভার তারিখ ও সময় | ঃ | ০৯/০৬/২০১৯ খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকায় |
| ১৪ | প্রাক দরপত্র সভার স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট |
| ১৫ | দরপত্রের মেয়াদকাল | ঃ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন |
| ১৬ | দরপত্র বিক্রয়কারী দপ্তর | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, জয়পুরহাট |
| ১৭ | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | ক) দরপত্র দাতার ক্ষেত্রে ২ (দুই) বছরের পরিবহন ও সংশ্লিষ্ট সেবা কাজের সাধারণ অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সাধারণ পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগীয় পরিবহন কাজের ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৮ | দরপত্র দাখিলের নিয়মাবলী | ঃ | ২ (দুই) খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) হলে আর্থিক প্রস্তাব খোলা হবে |
| ১৯ | দরপত্র সিডিউলের মূল্য (প্রতি সেট) | ঃ | ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র |
| ২০ | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মোঃ মনিরুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ২১ | কাজের সময়কাল | ঃ | ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছর |
| ২২ | টেন্ডার সিকিউরিটি | ঃ | দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটির জন্য প্রতি লটে (ফেরতযোগ্য) ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাটের অনুকূলে জমা করতে হবে |
| ২৩ | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | পারফরমেন্স সিকিউরিটি হিসাবে প্রতি লটে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (চুক্তি করার পূর্বে দিতে হবে) জমা দিতে হবে |
| ২৪ | পণ্যের নিরাপত্তা জামানত | ঃ | লট প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সূচি জারীর পরে এবং খাদ্যশস্য বোঝাইয়ের পূর্বে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে জমা দিতে হবে |
| ২৫ | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা, ফোন ও ফ্যাক্স নম্বর। | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বঙ্গবন্ধু রোড (রেলওয়ে স্টেশনের পূর্ব পার্শ্বে), হোল্ডিং নং-২৫, জয়পুরহাট। ফোন নম্বরঃ ০৫৭১-৬২৩৬৭, ৬২২৩৯, ফ্যাক্স- ০৫৭১-৬৩২৩৪ |
| ২৬ | এই দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা' ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহন/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

**এই বিজ্ঞপ্তিটি www.dgfood.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।**

( মোঃ মনিরুল ইসলাম )
জেলা খাদ্য নিয়ন্ত্রক
জয়পুরহাট

চলমান পাতা-২

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract)

১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বর যাহা হালসন (২০১৮-২০১৯) কর বছরের আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৩। সংশ্লিষ্ট বিভাগ হতে প্রদত্ত হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সনদ এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৪। একক মালিকানার ক্ষেত্রে কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর মূলকপি দাখিল করতে হবে।

৫। অংশিদারী মালিকানার ক্ষেত্রে অংশিদারীত্বের স্ব-পক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পানীর সনদ পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৭। ঠিকাদারের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৮। চাহিত স কল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে অনুলিপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অংগীকারণামা প্রদান করতে হবে।

১০। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী আদালতে দায়েরী মামলাসহ/সালিশী মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।

১১। সালিশি মামলা নিষ্পত্তির অপেক্ষায়/আদালতের মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে। তবে সালিশ/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল হবে।

১২। প্রতিটি সেট দরপত্র সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, জয়পুরহাট ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নং কোডে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র দপ্তরে হিসাব শাখায় জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। ট্রেজারী চালানের সত্যায়িত অনুলিপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গন্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল, চুক্তিপত্রের মডেল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৫। ডাকযোগে প্রেরিত দরপত্র/নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহনের বাক্সে দরপত্র ফেলতে হবে।

১৬। শর্তযুক্ত, কাটাছেড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইন্স্যুরেন্স এর খরচ অন্তর্ভূক্ত হিসেবে গন্য হবে। সকল ডকুমেন্টে/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

## দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Condition of Contract)

১৭। **ঠিকাদারের যোগ্যতা ঃ**

ক) খাদ্যশস্য/খাদ্য সামগ্রী/অন্যান্য সামগ্রীর পরিবহন কাজে নূন্যতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। এর মধ্যে সাধারণ পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহন কাজের মোট ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উক্ত অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল, সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি আধা সরকারি স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। যদি পূর্বে বা বর্তমানে ঠিকাদার হিসাবে কার্য সম্পাদন করে থাকেন, তবে উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে।

খ) নিজস্ব মালিকানাধীন ১ (এক) টি ট্রাক থাকতে হবে অথবা ট্রাক মালিকের সাথে ১ (এক) টি ট্রাকের নূন্যতম ২ (দুই) বছরের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছর ভাড়ার স্বপক্ষে চুক্তিপত্র থাকতে হবে। একাধিক দরদাতা একই নম্বরের ট্রাকের মালিকানা/ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গন্য হবে।

১৮। **দরপত্র দাতার আর্থিক বছরের লেনদেনের হিসাব ঃ**

ক) সিডিউল ব্যাংক হতে গত আর্থিক বৎসরের (২০১৭-২০১৮) লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

খ) **দরপত্র দাতার নগদ সম্পদ ঃ** ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে নূন্যতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

গ) সংশ্লিষ্ট ঠিকাদার/প্রতিষ্ঠানের কর্মকান্ড পরিচালনার জন্য কমপক্ষে ৩ (তিন) জন কর্মচারী থাকতে হবে এবং প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে তাদের বিবরণী দাখিল করতে হবে।

চলমান পাতা-৩

১৯। **দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ**

ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২ (দুই) টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে লাল কালি দিয়ে **"যোগ্যতার প্রস্তাব"** ও আর্থিক প্রস্তাব খামে **"আর্থিক প্রস্তাব"** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। ২ টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরের দিকে "পরিবহন ঠিকাদার দরপত্র প্রস্তাব" লিখতে হবে। উভয় খামের উপরেই লট নং উল্লেখ করতে হবে।

খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে "ক" ফর্ম পূরণ ও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়না টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

গ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে 'খ' (টেন্ডার সিডিউল, রুট) ফর্মে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাব খামে কোন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

ঘ) প্রতিটি লটের জন্য আলাদা আলাদা দরপত্র দাখিল করতে হবে এবং লট ভিত্তিক প্রতি মে. টন প্রতি কি. মি. হিসাবে দর উল্লেখ করতে হবে।

ঙ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফর্ম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

২০। **টেন্ডার সিকিউরিটি ঃ**

ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর অনুকুলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহণযোগ্য হবে না।

খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথা সময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২১। **ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ**

ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়নে Responsive হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং নিম্নদরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত হবে। Head of the procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর তা চুড়ান্ত বলে গন্য হবে। লটে সর্বনিম্ন দরদাতার দরে দরপত্র দাতাসহ অন্যান্যদের মধ্য থেকে উদ্ধৃত দরের নিম্ন থেকে উর্দ্ধক্রম অনুযায়ী অনুমোদিত নিম্ন দরে কাজ করতে আগ্রহী সাপেক্ষে একাধিক প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নিয়োগ করা হবে এবং ঠিকাদারগনকে সর্বনিম্ন দর মোতাবেক ভাড়া পরিশোধ করা হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নির্বাচনের ক্ষেত্রে সর্বশেষ ঠিকাদার নির্বাচনে যদি দেখা যায় একাধিক দরদাতার দর একই তাহলে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে।

খ) জয়পুরহাট জেলার জন্য সর্বনিম্ন দরে একাধিক পরিবহন ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতাগণ চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) বাজার দরের সাথে অসামঞ্জস্যপূর্ণ নিম্নদর/উচ্চদর মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

২২। **পারফরমেন্স সিকিউরিটি ঃ**

Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ যথাযথ কাগজপত্র জমা দিয়ে ৭ (সাত) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৩। **নিরাপত্তা জামানত ঃ**

ক) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ০৩/০১/২০০৯ খ্রিঃ তারিখের চসসা/চপরেস-০৪/০৮/১০৭ (৬) নম্বর স্মারকে জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং সিপিটিইউ অনুমোদিত ষ্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট (এসটিডি) অনুযায়ী ঠিকাদার নিয়োগের জন্য নির্দেশনা সম্বলিত পত্রের ১৬ ক্রমিকে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রতি লট খাদ্যশস্য পরিবহনের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে প্রদান করতে হবে। নিরাপত্তা জামানতের টাকা সূচি জারির পূর্বে যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট বরাবর প্রদান করতে হবে। তবে, পারফরমেন্স সিকিউরিটির টাকা নিরাপত্তা জামানতের সাথে সমন্বয় করা যাবে।

খ) সূচীকৃত মালামাল সন্তোষজনক পরিবহন শেষে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমাকৃত নিরাপত্তা জামানত আবেদনের প্রেক্ষিতে ফেরত নেয়া যাবে/পরবর্তী সূচির সাথে সমন্বয় করা যাবে।

২৪। **পরিবহন পণ্যের ঘাটতি ঃ**

ক) ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন। পরিবহন মালামালের নীট ওজনের উপর সর্বোচ্চ ০.১২৫% (শতকরা দশমিক এক দুই পাঁচ) পর্যন্ত পরিবহন ঘাটতি প্রযোজ্য ক্ষেত্রে দাবী করা যেতে পারে।

খ) যে কোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ব্যাগের ক্ষেত্রে শূন্য পরিবহন ঘাটতি প্রযোজ্য হবে।

গ) নির্ধারিত পরিবহন ঘাটতির অতিরিক্ত যে কোন ঘাটতি/মালামাল বিনষ্ট/খোয়া গেলে ঠিকাদারকে দেড়গুন হারে ক্ষতি পূরণ প্রদান করতে হবে।

২৫। **চুক্তি সম্পাদন ঃ**

ক) ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন অনুমোদিত দরদাতার দরে একাধিক প্রয়োজনীয় সংখ্যক পরিবহন ঠিকাদার নিয়োগ করা হবে।

খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন/সাব্যস্ত দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপত্রে সকল শর্তাদি পূরণ শেষে ৭ (সাত) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

চলমান পাতা-৪

২৬। **চুক্তি সংশোধন ঃ**

ক) বিস্তারিত লট/রুট বিবরণী, তফসীল রুটের দূরত্ব দরপত্র তফসীলের সাথে সংযুক্ত করে দেয়া হলো।

খ) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য অথবা যে কোন অভ্যন্তরীণ পরিবহন সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ পরিপত্রসহ দরপত্র তফসিল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৭। দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত অঙ্গীকারনামায় বর্ণিত অঙ্গীকার সমূহের জন্য দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে একখানা অঙ্গীকারনামা প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গীকার ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রমাণিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশ গ্রহনের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট কোন মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

২৮। "ক" রুট তফসীলে বর্ণিত নির্ধারিত দূরত্বই বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে কোন রুটের দূরত্ব গড়মিল/তারতম্য দেখা দিলে সেক্ষেত্রে সড়ক ও জনপথ বিভাগ/সংশ্লিষ্ট বিভাগের দূরত্ব সনদ অনুযায়ী প্রকৃত দূরত্ব নির্ধারিত হবে। অনির্ধারিত রুট/রুট বহির্ভূত স্থানে (বিশেষত এলএসডি হতে রাইস মিলে ও পাল্টাভাবে) পরিবহনের দরপত্র সিডিউল "খ" অনুযায়ী ভাড়া প্রদেয় হবে।

২৯। **গোপনীয় প্রতিবেদন ঃ**

নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হাল-নাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তিরপর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হাল-নাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতিত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তী গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গন্য হবে।

৩০। **ক্ষমতা সংরক্ষণ ঃ**

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৩১। **অভিযোগ ও আপীল ঃ**

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

( মোঃ মনিরুল ইসলাম )
জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
জয়পুরহাট।

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৫ তারিখ ঃ ১৩/০৫/২০১৯ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য -

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো/হিসাব ও অর্থ/সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/রংপুর/ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
৬। পুলিশ সুপার, জয়পুরহাট
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট
৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, জয়পুরহাট
৯। সাইলো অধিক্ষক (সকল), .................................. সাইলো
১০। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ..........................
১৩। ম্যানেজার, সান্তাহার/দিনাজপুর/মূলাডুলি/তেজগাঁও/নারায়নগঞ্জ সিএসডি
১৪। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, জয়পুরহাট
১৫। এসএন্ডএমও, জয়পুরহাট/সিরাজগঞ্জ/ঈশ্বরদী এলএসডি
১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ............................. জয়পুরহাট
১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জয়পুরহাট/বগুড়া
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ........................................ এলএসডি, জয়পুরহাট
১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
২০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর
২১। সংরক্ষণ নথি

জেলা খাদ্য নিয়ন্ত্রক
জয়পুরহাট